

“মংলা হতে চাঁদপুর-মাওয়া-গোয়ালন্দ হয়ে পাকশী পর্যন্ত নৌরুটের নাব্যতা উন্নয়ন” শীর্ষক চলমান প্রকল্পের
নিবিড় পরিবীক্ষণ পরিচালনার জন্য টার্মস অব রেফারেন্স (ToR) প্রণয়ন

ক) প্রকল্পের বিবরণীঃ

- ১। প্রকল্পের নাম : “মংলা হতে চাঁদপুর-মাওয়া-গোয়ালন্দ হয়ে পাকশী পর্যন্ত নৌরুটের নাব্যতা উন্নয়ন”
শীর্ষক প্রকল্পের
- ২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ৩। বাস্তবায়নকারী সংস্থা : বিআইডব্লিউটিএ
- ৪। প্রকল্প এলাকা : ঢাকা, মুন্সিগঞ্জ, মাদারীপুর, মানিকগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, বরিশাল, পিরোজপুর,
পাবনা ও কুষ্টিয়া জেলা।

খ) প্রকল্পের ব্যয়ঃ (লক্ষ টাকায়)


১	মোট	:	৯৫৬০০.০০
২	জিওবি	:	৯৫৬০০.০০
৩	নিজস্ব অর্থ	:	-
৪	অন্যান্য	:	-

গ) বাস্তবায়নকালঃ

আরম্ভের তারিখ	সমাপ্তির তারিখ
জুলাই, ২০১৭	জুন, ২০২৫

ঘ) প্রকল্পের পটভূমিঃ

বাংলাদেশ নদীমার্ভুক দেশ। এ দেশে যাতায়াত ব্যবস্থায় অভ্যন্তরীণ নৌ-পরিবহন একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। এটা প্রকৃতির উপহার এবং সবচেয়ে সস্তা পরিবহন মাধ্যম। বিশ্বব্যাপক প্রণীত এক প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, দেশের উল্লেখযোগ্য পরিমাণ (১২.৩%) জনসাধারণের পরিবহন ব্যবস্থা এককভাবে নৌ-পরিবহনের উপর নির্ভরশীল। কিন্তু বাংলাদেশের নদীগুলো দ্বারা প্রতি বছর বন্যায় ৫.০০ মিলিয়ন কিউসেক পানি এবং ২.৪ বিলিয়ন টন। উপরোক্ত প্রেক্ষাপটে নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।



৬) প্রকল্পের উদ্দেশ্যঃ

- (১) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ভারী মালামাল পরিবহন নিরাপদ ও সহজতর করার লক্ষ্যে চট্টগ্রাম ও মংলা বন্দর হতে নৌ-পথে রূপপুর পর্যন্ত নদীর নাব্যতা উন্নয়ন ও সংরক্ষণ; এবং
- (২) সংশ্লিষ্ট নৌ-পথে কম সময়ে এবং স্বল্প ব্যয়ে মালামাল ও যাত্রী পরিবহন।

৭) প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমঃ

- ◆ ক্যাপিটাল ডেজিং – ৬৪.০৬ লক্ষ ঘনমিটার।
- ◆ মেইনটেনেন্স ডেজিং – ২৫৬.৯০ লক্ষ ঘনমিটার।
- ◆ ৫.০০ মিটার ড্রাফট ও ৭৬.০০ মিটার প্রস্থ সম্বলিত নৌ-যানের সারা বছরব্যাপী চলাচল নিশ্চিতকরণের লক্ষ্যে গঙ্গা ও পদ্মা নৌ-রুটের নাব্যতা উন্নয়ন ও পুনরুদ্ধার।

৮) পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্বঃ

- ১) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন ও সংশোধনের অবস্থা, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অর্থায়নসহ সকল প্রাসংগিক তথ্য) পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ২) প্রকল্পের সার্বিক ও বিস্তারিত অংগভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ সরণী/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- ৩) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ এবং প্রকল্প ফলপ্রসূ করার জন্য গৃহীত কার্যাবলী প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পর্যালোচনা ও মতামত প্রদান করা;
- ৪) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা ক্রয়ের (Procurement) ক্ষেত্রে প্রচলিত ক্রয় আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৫) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৬) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/ToR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৭) প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যয়স্থাপনার অদক্ষতা এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ৮) প্রকল্পের অনুমোদন সংশোধন (প্রয়োজ্য ক্ষেত্রে), অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯) প্রকল্পটি বাস্তবায়নের ফলে রূপপুর পারমাণবিক কেন্দ্রে মালামাল পরিবহন নিরাপদ ও সহজতর, চট্টগ্রাম ও মংলা হতে রূপপুর পর্যন্ত নদীর নাব্যতা উন্নয়ন ও সংরক্ষণ কতটুকু এবং কিভাবে হবে সে বিষয়টি পর্যালোচনা ও পর্যবেক্ষণ করতে হবে;
- ১০) প্রকল্পের আওতায় সম্পাদিত ডেজিং কার্যক্রম (ক্যাপিটাল ডেজিং-৬৪.০৬ লক্ষ ঘনমিটার, মেইনটেনেন্স ডেজিং- ২৫৬.৯০ লক্ষ ঘনমিটার) পরিমাপ নির্ধারণ ও রেকর্ড সংরক্ষণের পদ্ধতি ও অগ্রগতির বিষয়টি পর্যালোচনা ও পর্যবেক্ষণ করতে হবে;
- ১১) প্রকল্প সমাপ্তির পর স্ট্র সুবিধাদি টেকসই করার লক্ষ্যে সুনির্দিষ্ট Exit plan ও মতামত প্রদান;



- ১২) প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ করা এবং বিশেষ সফলতা (Success Stories, যদি থাকে) বিষয়ে আলোকপাত করা;
- ১৩) উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;
- ১৪) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিপত্রে বর্ণিত প্রারম্ভিক প্রতিবেদন ও চূড়ান্ত প্রতিবেদনের সুনির্দিষ্ট কাঠামো অনুযায়ী উক্ত প্রতিবেদন প্রণয়ন করতে হবে;
- ১৫) প্রয়োজনীয় ও সুনির্দিষ্ট সুপারিশ প্রণয়ন;
- ১৬) প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি; (i) প্রকল্প এলাকা থেকে সংগৃহীত তথ্য, এফজিডিও স্থানীয় পর্যায়ে কর্মশালা আয়োজন করে মূল্যায়ন কাজের ভিত্তিতে একটি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন এবং ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক অনুমোদন গ্রহণ এবং (ii) জাতীয় পর্যায়ে একটি কর্মশালা আয়োজন করে মূল্যায়ন কাজের পর্যবেক্ষণ (Finding) সমূহ অবহিত করা ও কর্মশালায় প্রাপ্ত মতামত ও সুপারিশসমূহ বিবেচনা করে উক্ত প্রতিবেদনটি চূড়ান্ত করা;
- ১৭) পরামর্শক প্রতিষ্ঠান চুক্তির তারিখ থেকে চার মাসের মধ্যে সমীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম চূড়ান্ত করবে;
- ১৮) পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃপক্ষ (আইএমইডি) কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী প্রতিপালন করবে।

জ) পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রমিক	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান		<ul style="list-style-type: none"> গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও প্রভাব মূল্যায়ন সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় ন্যূনতম ০১ (এক) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
২.	(ক) টীম লিডার:	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ার। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	<ul style="list-style-type: none"> ডেজিং, মাটির ডাইক নির্মাণ ও হাইড্রোগ্রাফিক সার্ভে কাজের ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকা আবশ্যিক; টীম লিডার হিসেবে কাজ করার জন্য কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; কম্পিউটারের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষ হতে হবে এবং পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে; প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে; এবং সংশ্লিষ্ট বিষয়ে প্রকাশনা থাকতে হবে।
	(খ) হাইড্রোগ্রাফার	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ডিগ্রী/পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন হাইড্রোগ্রাফি	<ul style="list-style-type: none"> সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন।
	গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/সমাজবিজ্ঞান/কৃষি অর্থনীতি বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রী।	<ul style="list-style-type: none"> আর্থ-সামাজিক গবেষণা ও প্রভাব মূল্যায়ন কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;
	ঘ) পরিসংখ্যানবিদ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে	<ul style="list-style-type: none"> মাঠ পর্যায়ে সমীক্ষা পরিচালনায় SPSS সহ

Amk

		পরিসংখ্যান/ফলিত পরিসংখ্যান বিষয়ে কমপক্ষে স্নাতক ডিগ্রী	অন্যান্য Statistical Software Package পরিচালনায় ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
--	--	---	---

ঝ) পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ

ক্রমিক	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	সংখ্যা
১।	প্রারম্ভিক প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	২০ কপি টেকনিক্যাল কমিটির সভার জন্য এবং ২০ কপি স্টিয়ারিং কমিটির সভার জন্য (২০+২০) = ৪০ টি
২।	১ম খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	২০ কপি টেকনিক্যাল কমিটির সভার জন্য এবং ২০ কপি স্টিয়ারিং কমিটির সভার জন্য (২০+২০) = ৪০ টি
৩।	২য় খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	৭৫ কপি জাতীয় কর্মশালার জন্য
৪।	২য় খসড়া প্রতিবেদন (বাংলায় ও ইংরেজী)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	২০ কপি টেকনিক্যাল কমিটির সভার জন্য এবং ২০ কপি স্টিয়ারিং কমিটির সভার জন্য (২০+২০) = ৪০ টি
৫।	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ও ইংরেজীতে)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে	(৪০+২০) = ৬০ টি

ঞ) ক্রয়কারী কর্তৃক প্রদেয়ঃ

- প্রকল্প দলিল (ডিপিপি/আরডিপিপি/পিসিআর);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য সহযোগীতা প্রদান; ইত্যাদি।

Handwritten signature